

আইআইইউসির অনুষ্ঠানে এমপি নদভী যুবকদের সুপ্ত প্রতিভাকে কাজে লাগাতে হবে

আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেছেন, যুবকদের সুপ্ত প্রতিভাকে বিকশিত করে দেশ ও জাতি গঠনে কাজে লাগাতে হবে। তিনি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উদ্যোগে ৩ দিন ব্যাপী ট্যালেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ওয়ার্ল্ড অ্যাসেম্বলি অব মুসলিম ইউথের সহযোগিতায় কক্সবাজারের একটি হোটেলের হলরুমে গতকাল মঙ্গলবার থেকে ৩ দিনব্যাপী এই ট্রেনিং প্রোগ্রাম শুরু হয়েছে।

প্রধান অতিথির বক্তব্যে এমপি নদভী বলেন, কুরআন-হাদিসে যুব শক্তিকে কাজে লাগানোর ব্যাপক উৎসাহ দেয়া হয়েছে। বাংলাদেশের যুব শক্তিকে যদি সঠিকভাবে বিকশিত করা যায় তাহলে যুবকেরা অসাধ্য সাধন করতে পারবে। তিনি বলেন, আইআইইউসির বর্তমান ট্রাস্টি বোর্ড দায়িত্ব নেয়ার পর আইআইইউসিকে শিক্ষা-গবেষণায় দক্ষিণপূর্ব এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করার জন্য ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছি।

বিশেষ অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. আনোয়ারুল আজিম আরিফ। তিনি বলেন, যুবকদের শক্তি অনেক। যুবকরাই মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছেন। এই দেশকে পরিবর্তন করতে যুবকরাই এগিয়ে আসতে হবে। বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদের সভাপতিত্বে এতে উপস্থিত ছিলেন প্রো-



প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির হাতে ক্রেস্ট তুলে দিচ্ছেন অতিথিবৃন্দ

ভিসি প্রফেসর ড. মহররুল মাওলা। উদ্বোধনী অনুষ্ঠানে কিনোট স্পিকার ছিলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের সাবেক মুখ্য সচিব ড. মোহাম্মদ আব্দুল করিম। তিনি বলেন, যুবকদের সুপ্ত প্রতিভার শক্তি অনেক। বাংলাদেশের যুব শক্তিকে যদি সঠিকভাবে প্রশিক্ষণ দেয়া যায় তাহলে যুবকেরা অসাধ্য সাধন করতে পারবে। তিনি আরো বলেন, রেটিংয়ে আইআইইউসিকে এগিয়ে আসতে হবে। রেটিংয়ে সামনের সারিতে আসতে রিসার্চ, মান সম্মত শিক্ষক, কোয়ালিটি এডুকেশন দিয়ে আইআইইউসি এগিয়ে আসবে। প্রথম দিনের দ্বিতীয় অধিবেশনের সভাপতিত্ব করেন ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবীর। আলোচনা করেন প্রফেসর ড. গিয়াস উদ্দিন তালুকদার। বক্তব্য রাখেন আইআইইউসির ফিমেল অ্যাকাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী, আইআইইউসির এমডিপি প্রোগ্রামের ডিরেক্টর মুহাম্মদ আমীন নদভী উপস্থিত ছিলেন রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামান, প্রফেসর ড. মাহী উদ্দিন। প্রেস বিজ্ঞপ্তি।



Australia to
buy US
nuclear
Page-4

THE DAILY
People's View
Truth Now & Always

Click the
E-PAPER
@peoplesview.net
Madrid relying
on injury-hit
page-4

REGD. NO. CHA 540 | YEAR 54 | VOL. 679 | MARCH 15, 2023 | FALGUN 30, 1429 BS | SHABAN 22, 1444 HIJRIH | WEDNESDAY | PAGE 6 | TAKA 5



Prof. Dr. Abu Reza Md. Nezamuddin Nadvi MP and IIUC VC Prof. Anwarul Azim Arif among other guests pictured at the inaugural session of Youth Camp For University Students in Bangladesh , a three-day training program (14-16 March) at a posh Cox'sBazar hotel on Monday, March 13, 2023. Photo: Courtesy